# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৩. ৩. বেদি-পর্বতের নামকরণে বৈপরীত্য

বাইবেলীয় ঈশ্বরের উপাসনার বেদি কোন স্থানে নির্মাণের নির্দেশ দিলেন ঈশ্বর? তাহলে হিব্রু তৌরাত বলছে বেদিটা এবল পাহাড়ে স্থাপিত হবে এবং শমরীয় তৌরাত বলছে যে, তা গরিষীম পাহাড়ে স্থাপিত হবে।

দ্বিতীয় বিবরণ ২৭/৪ নিম্নরূপ: আর আমি আজ যে পাথরগুলোর বিষয়ে তোমাদেরকে হুকুম করলাম, তোমরা জর্ডান পার হবার পর এবল পর্বতে সেসব পাথর স্থাপন করবে ও তা চুন দিয়ে লেপন করবে।'' (মো.-১৩)

শমরীয় সংস্করণের পাঠ: ''আর আমি অদ্য যে প্রস্তরগুলির বিষয়ে তোমাদিগকে আদেশ করিলাম.... গরিষীম পর্বতে সেই সকল প্রস্তর স্থাপন করিবে ...। ''

দ্বিতীয় বিবরণের ২৭/১২-১৩ এবং ১১/২৯ শ্লোক থেকে জানা যায় যে, এবল (Mount Ebal) ও গরিষীম (Mount Ger'izim) ফিলিস্তিনের নাবলুস শহরের দক্ষিণ প্রান্তে অবস্থিত দুটো পাশাপাশি পাহাড়। দ্বিতীয় বিবরণ ১১/২৯ শ্লোকটা নিম্নরূপ: ''আর তুমি যে দেশ অধিকার করতে যাচ্ছ, সেই দেশে তোমার আল্লাহ মাবুদ যখন তোমাকে প্রবেশ করাবেন, তখন তুমি গরিষীম পর্বতে ঐ দোয়া এবং এবল পর্বতে ঐ বদদোয়া স্থাপন করবে। (মো.-১৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=13994

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন